১. শিরোনাম

এ নীতিমালা শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা নীতিমালা ২০২১ নামে অভিহিত হবে।

২. পটভূমি

শিল্পাচার্য জয়নুল আবেদিন দেশের লোক ও কারুশিল্প এবং এ শিল্পের সাথে সম্পৃক্ত শিল্পীগণের উন্নয়ন ও কল্যাণ নিশ্চিতকরণে সরকারিভাবে একটি প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন। তাঁর আন্তরিক প্রচেষ্টা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পৃষ্ঠপোষকতায় সোনারগাঁও, নারায়ণগঞ্জে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিষ্ঠা লাভ করে। বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮ অনুযায়ী ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পকে উৎসাহ প্রদান এবং কারুপণ্য তৈরির সঙ্গে সংশ্লিষ্ট শিল্পীগণের অবদান মূল্যায়ন ও স্মরণীয় করে রাখার লক্ষ্যে 'শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা' প্রবর্তনের লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

৩. বাস্তবায়ন কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

৪. সম্মাননার বিবরণ

'শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা' শিরোনামে সম্মাননা সনদ এবং তিন লক্ষ টাকার চেক প্রদান করা হবে।

৫. সম্মাননা প্রদানের নীতি

(১) প্রতিবছর একজন কারুশিল্পীকে এ সম্মাননা প্রদান করা হবে;
(২) একবার সম্মাননাপ্রাপ্ত হলে তিনি আর আবেদন করতে পারবেন না।

৬. যে সকল ক্ষেত্রে সম্মাননা প্রদান করা হবে

(১) মৃৎশিল্প (চিত্রিত মাটির শিল্পকর্ম/মাটির পুতুল/পোড়ামাটির তৈজসপত্র)
(২) দারুশিল্প (কারুকার্য সংবলিত কাঠখোদাই বা চিত্রিত দারুশিল্প)
(৩) শীতলপাটি, বাঁশ ও বেতের লোক-কারুশিল্প সামগ্রী
(৪) বয়নশিল্প (জামদানি, রেশম ও অন্যান্য তাঁতশিল্প)
(৫) নকশি হাতপাখা
(৬) পাটজাত কারুশিল্প
(৭) ধাতব কারুশিল্প
(৮) অলংকার শিল্প
(৯) নকশিকাঁথা ও সূচিশিল্প
(১০) শঙ্খ, ঝিনুক ও মুক্তাশিল্প
(১১) শোলা শিল্প এবং হস্তনির্মিত কাগজ শিল্প
(১২) আলপনা, নকশা
(১৩) পটচিত্র ও রিক্সা পেইন্টিং
(১৪) বিবিধ লোক ও কারুশিল্প

৭. সম্মাননার জন্য আবেদন করার যোগ্যতা

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং বয়স ৫০ তদূর্দ্ধ হতে হবে।
(২) আবেদনকারী কর্তৃক উৎপাদিত কারুপণ্যে শিল্পীর স্বকীয় বৈশিষ্ট্য, উদ্ভাবনী দক্ষতা এবং নান্দনিকতার বহিঃপ্রকাশ থাকতে হবে;
(৩) লোক ও কারুশিল্পের বিকাশে আবেদনকারীর দৃশ্যমান এবং প্রমাণযোগ্য প্রচেষ্টা ও অবদান থাকতে হবে।

৮. আবেদন আহ্বান ও বাছাই

(১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর আগস্ট মাসের ৩১ তারিখের মধ্যে বহুল প্রচারিত দুইটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন আহ্বান করবে। এছাড়াও ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

(২) আবেদন ফরম বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কার্যালয় এবং ফাউন্ডেশনের ওয়েবসাইট ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে;

(৩) বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে যথাযথভাবে পূরণকৃত আবেদন পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন বরাবরে দাখিল করতে হবে;

(৪) লোক ও কারুশিল্পের স্বীকৃত ক্ষেত্রসমূহের কোনো শিল্পকর্মের জন্য স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক সম্মাননা বা স্বীকৃতি পেয়ে থাকলে তার প্রমাণক আবেদনের সাথে দাখিল করতে হবে;

(৫) স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে কারুমেলা, প্রদর্শনী বা কোনো অনুষ্ঠানে অংশগ্রহণের প্রমাণপত্র (যদি থাকে) আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;

(৬) বিভিন্ন সময়ে অনুষ্ঠিত স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ের মেলায় প্রদর্শিত লোক ও কারুশিল্পের অন্ততপক্ষে বিভিন্নরূপ ০৫ (পাঁচ)টি শিল্পকর্ম আবেদনের সাথে দাখিল করতে হবে;

(৭) অসত্য তথ্য প্রদান করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৮) প্রতিবছর আগস্ট মাসের ৩১ তারিখের মধ্যে বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ বাছাই করে একটি প্রাথমিক তালিকা সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সভাপতি মনোনয়ন কমিটির নিকট প্রেরণ করবে;

(৯) প্রতিবছর সেপ্টেম্বর মাসের ৩১ তারিখের মধ্যে 'মনোনয়ন কমিটি' প্রাথমিক তালিকা পর্যালোচনা ও যাচাই-বাছাই করে নীতিমালা অনুযায়ী সম্মাননা প্রদানের জন্য মনোনয়ন চূড়ান্ত করবে;

(১০) বাংলাদেশ লোক ও কারুশিল্প জানুয়ারি মাসের ৩১ তারিখের মধ্যে পদক প্রদানের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবে।

৯. বাছাই কমিটি গঠন

| | |
|---|---|
| (১) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | -সভাপতি |
| (২) সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৩) বাংলাদেশ শিল্পকলা একাডেমির একজন প্রতিনিধি (মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক মনোনীত) | -সদস্য |
| (৪) বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদের একজন প্রতিনিধি (সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ কর্তৃক মনোনীত) | -সদস্য |
| (৫) উপপরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | -সদস্য সচিব |

১০. বাছাই কমিটির কার্যপরিধি

বাছাই কমিটি লোক ও কারুশিল্পীগণের আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক একটি প্রাথমিক তালিকা করবে; এবং উক্ত তালিকা সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও সভাপতি মনোনয়ন বাছাই কমিটির নিকট আগস্ট মাসের ৩১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

১১. মনোনয়ন কমিটি

| | |
|---|---|
| (১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা | -সভাপতি |
| (২) সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | -সদস্য |
| (৪) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | -সদস্য |
| (৫) ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের একজন সদস্য (লোক ও কারুশিল্প উন্নয়নে উৎসাহী তিনজন সদস্যের মধ্য থেকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন) | -সদস্য |
| (৬) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রধান নকশাবিদ | -সদস্য |
| (৭) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | -সদস্য সচিব |

**১২. মনোনয়ন কমিটির কার্যপরিধি**

বাছাই কমিটি কর্তৃক প্রেরিত তালিকাসমূহ পর্যালোচনা করে ১ (এক) জন কারুশিল্পীর মনোনয়ন সুপারিশ করবে।

**১৩. আজীবন সম্মাননার তহবিল**

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮ এর ৯ ধারা অনুযায়ী গঠিত তহবিল হতে এ সম্মাননা প্রদানের যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

**১৪. নীতিমালা সংশোধন**

প্রয়োজনে সরকারের অনুমোদনক্রমে নির্বাহী আদেশ দ্বারা এ নীতিমালা সংশোধন/হালনাগাদ করা যাবে।

ড. আহমেদ উল্লাহ
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা প্রাপ্তির আবেদন ফরম

ছবি

পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

১। প্রস্তাবিত কারুশিল্পীর নাম :
২। মাতার নাম :
৩। পিতার নাম :
৪। ঠিকানা
ক) বর্তমান :
খ) স্থায়ী :
৫। অভিজ্ঞতার বিবরণ (প্রমাণক সংযুক্ত করতে হবে) :
স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত
কারুমেলা/ কারুশিল্প প্রদর্শনীতে অংশগ্রহণের বিবরণ
কারুশিল্প তৈরিতে স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক সম্মাননা
বা স্বীকৃতির বিবরণ
৬। জন্মতারিখ ও বয়স :
৭। জাতীয় পরিচয়পত্রের নম্বর :
৮। সম্মাননা প্রাপ্তির জন্য আবেদনকৃত কারুশিল্পের ক্ষেত্র :
৯। জমাকৃত লোক ও কারুশিল্পের বিবরণ (শিল্পকর্মসহ) :

| ক্রমিক | লোক ও কারুশিল্পের বিবরণ | যে মেলায়/ প্রদর্শনীতে প্রদর্শিত হয়েছে (তারিখ ও স্থান) |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |
| ৪ | | |
| ৫ | | |

১০। প্রস্তাব:

...................................... (প্রস্তাবিত ব্যক্তির নাম) সম্পর্কে উপরে বর্ণিত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। লোক ও কারুশিল্প ক্ষেত্রে তাঁর অনন্যসাধারণ অবদান ও সামগ্রিক জীবনের অর্জন বিবেচনায় তিনি শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা পদক পাওয়ার যোগ্য। আমি ২০২২ সালে ......................................... ক্ষেত্রে তাঁকে শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা প্রদান করার প্রস্তাব করছি।

প্রস্তাবকের স্বাক্ষর
ও তারিখ

আবেদনের অনুসরণীয় নিয়মাবলি :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;
২. সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে;
৩. আবেদনের সপক্ষে প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি সংযুক্ত করতে হবে;
৪. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদের অনুলিপি সংযুক্ত করতে হবে;
৫. লোক ও কারুশিল্প তৈরিতে স্থানীয়/জেলা/জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সম্মাননা/পদক/স্বীকৃতি পেয়ে থাকলে কিংবা স্থানীয়/জেলা/জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে লোক ও কারুশিল্প মেলা, প্রদর্শনী বা কোনো অনুষ্ঠানে অংশগ্রহণ করে থাকলে/বিশেষ কোনো অর্জন থাকলে এর সপক্ষে প্রমাণক/সনদ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে;
৬. কারুশিল্পীর অনূর্ধ্ব ৫ (পাঁচ)টি শিল্পকর্ম আবেদনের সাথে দাখিল করতে হবে।

- বিনামূল্যে বিতরণের জন্য